



**(2022/TDC/ODD/SEM/
BNGHCC-303T/364**

TDC (CBCS) Odd Semester Exam., 2022

BENGALI

(Honours)

(3rd Semester)

Course No. : BNGHCC-303T

(বাংলা আত্মকথা ও প্রবন্ধ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) তোমার পাঠ্য আত্মজীবনী ব্যতীত অন্য দুটি আত্মজীবনীর নাম লেখো।

(খ) কোন্ গ্রামে রাসসুন্দরী দাসীর বিয়ে হয়? রাসসুন্দরী কোন্ গ্রন্থ পাঠ করার স্বপ্ন দেখেছিলেন?

(গ) আত্মজীবনীর সংজ্ঞা দাও।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) “ইহার ধর্ম বাহ্যিক আচার অনুষ্ঠানে আড়ম্বরে পর্যবসিত নহে, ইহার ধর্ম জীবন্ত আধ্যাত্মিক ধর্ম।” এই মন্তব্যের আলোকে রাসসুন্দরী দাসীর ধর্মীয় ভাবনার পরিচয় দাও।



(2)

- (খ) উনিশ শতকের শিক্ষা প্রসঙ্গ বিশেষত নারীশিক্ষা প্রসঙ্গটি রাসসুন্দরীর আত্মকথায় ঘুরে ফিরে এসেছে—তোমার নিজের ভাষায় বিষয়টি লিপিবদ্ধ করো।

UNIT—II

- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 2 = 8$

- (ক) অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘আপন কথা’ ব্যতীত অন্য দুটি গ্রন্থের নাম উল্লেখ করো।
- (খ) ছোটবেলায় কালোজামের বিচি পেটে গেলে অবনীন্দ্রনাথের মনে কী অদ্ভুত ভাবনা কাজ করত?
- (গ) “ঠিক কত বয়সে তা মনে নেই কিন্তু এবারে একটা চাকর পেলেম আমি।” চাকরের নাম কী? তার বাড়ি কোথায়?

- ৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 10

- (ক) অবনীন্দ্রনাথ আত্মজীবনীতে পরদাসীকে নিয়ে যে চিত্র ফুটিয়ে তুলেছেন তার পরিচয় দাও।
- (খ) “অবনীন্দ্রনাথের গদ্যরীতির মধ্যে ছিল এক অনায়াস সায়ল্য। সেজন্য তিনি শিশু-সাহিত্যিক হিসাবে খ্যাতি পেয়েছেন।” সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘আপন কথা’ গ্রন্থটির গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।

(3)

UNIT—III

- ৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 2 = 8$

- (ক) “এ দেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয়, এবং স্কুল কলেজের চাইতে কিছু বেশী।” উক্ত পংক্তিটি কোন প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটি কবে প্রকাশিত হয়?
- (খ) প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকাটির নাম কী? কে প্রমথ চৌধুরীকে ‘উদাসীন গ্রন্থকীট’ বলে অভিহিত করেছেন?
- (গ) প্রমথ চৌধুরীর ‘প্রবন্ধ সংগ্রহ’ ছাড়া অন্য দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

- ৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 10

- (ক) ‘বই পড়া’ প্রবন্ধে লেখক প্রমথ চৌধুরী আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে যে অভিমত প্রকাশ করেছেন তার যথার্থতা সম্পর্কে আলোচনা করো।
- (খ) ‘ভারতচন্দ্র’ প্রবন্ধে প্রমথ চৌধুরী ভারতচন্দ্রের যে মূল্যায়ন করেছেন তার একটি সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করো।

UNIT—IV

- ৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 2 = 8$

- (ক) ‘শিল্পকলার কথা’ প্রবন্ধটির লেখক কে? শিল্প বা আর্ট কী?
- (খ) ‘দুশো বছরের বাংলা প্রবন্ধ সাহিত্য’ গ্রন্থের যে কোনো দুজন সম্পাদকের নাম লেখো।
- (গ) ‘সংস্কৃতির স্বরূপ’ প্রবন্ধে উপনিষদের একটি শ্লোক ব্যবহার করা হয়েছে। শ্লোকটি উল্লেখ করো।



৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) “তঁহার রাজসিকতা তামসিকতারই বলদৃপ্ত প্রচণ্ড প্রতিবাদ।” ‘মধুসূদনের রাজসিকতা’ প্রবন্ধে অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

(খ) “জাতীয় জীবনের উৎকর্ষ ধর্ম, সমাজবোধ ও সাহিত্যরূপী যে ত্রিধারার উপর বিশেষভাবে নির্ভরশীল, উহারাই সংস্কৃতির মূলে রস সিঞ্চনের প্রধান হেতু।” এই উক্তির আলোকে ‘সংস্কৃতির স্বরূপ’ প্রবন্ধটির সারকথা লেখো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ‘অবরোধবাসিনী’ কাকে উৎসর্গ করেছেন বেগম রোকেয়া? ‘অবরোধবাসিনী’তে মোট কয়টি কাহিনি রয়েছে?

(খ) রোকেয়ার পুরো নাম কী? বেগম রোকেয়া প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয়ের নাম লেখো।

(গ) রোকেয়ার স্বামীর নাম কী? তিনি কী চাকরি করতেন?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) পর্দার আড়ালে যন্ত্রণাদাক্ষ জীবনের কাহিনি লিপিবদ্ধ করেছেন রোকেয়া তাঁর লেখনীতে—‘অবরোধবাসিনী’ অবলম্বনে আলোচনা করো।

(খ) ব্যঙ্গ-বিদ্রূপ হাস্যরস পরিবেশনের মধ্য দিয়ে বাস্তব অভিজ্ঞতালব্ধ ঘটনাকেই তুলে ধরেছেন রোকেয়া তাঁর প্রতিবেদনে। কয়েকটি ঘটনা উল্লেখক্রমে বিষয়টি স্পষ্ট করো।
